

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

দূর্ঘটনা সহায়তা তহবিল (ASF) নীতিমালা



ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম -এনডিপি

দুর্ঘটনা সহায়তা তহবিল নীতিমালা Accident Support Fund- ASF

ভূমিকা : ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি একটি বেসরকারী সেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা (এনজিও)। বর্তমানে সংস্থায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা ছয়শ'রও অধিক। কর্মকালীন সময়ে ষ্টাফরা অনেক সময় বিভিন্ন প্রকার দুর্ঘটনার শিকার হয়ে শারিরিক ও আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হলেও সংস্থার পক্ষ থেকে কোন প্রকার ক্ষতিপূরণ প্রদানের সুযোগ না থাকায় দুর্ঘটনা কবলিত ষ্টাফকে দুর্ঘটনার ব্যয়ভার বহন করতে বেগ পেতে হয়। এ বিষয়টিকে বিবেচনায় এনে সংস্থা কর্তৃপক্ষ কর্তৃক দুর্ঘটনা সহায়তা তহবিল (ASF) প্রবর্তন করা হল। আশা করা যাচ্ছে এ তহবিল একদিকে দুর্ঘটনা কবলিত ষ্টাফকে দুর্ঘটনা মোকাবেলায় সহায়তা করবে ও অন্যদিকে এরূপ সহায়তা তহবিল প্রবর্তিত হওয়ায় তাদেরকে সংস্থার চাকুরীর স্থায়িত্বের ক্ষেত্রে অনুপ্রানিত করবে।

প্রনয়ন কাল : ১ জুলাই-২০০৮খ্রিঃ থেকে প্রবর্তিত।

তহবিলের উৎস :

- সংস্থার নিয়মিত ও প্রকল্প ষ্টাফদের নিকট থেকে মাসিক ১০০ (এক শত) টাকা হারে প্রদেয় অনুদান।
- প্রাথমিকভাবে সংস্থার জেনারেল তহবিল থেকে ২০০,০০০ (দুই লক্ষ) টাকা এবং মাইক্রো-ফাইন্যান্স কর্মসূচী থেকে ২০০,০০০ (দুই লক্ষ) টাকা এ তহবিলে মূল উৎস অনুদান হিসাবে প্রদেয় হবে।
- বিভিন্ন দাতা সংস্থা/ ব্যক্তি/ প্রতিষ্ঠান প্রদত্ত অনুদান (যদি পাওয়া যায়)।
- তহবিলের ব্যাংক হিসাব থেকে প্রাপ্য মুনাফা।

প্রাপ্য সুবিধা পাওয়ার যোগ্যতা :

এনডিপির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী যিনি এ তহবিলে নিয়মিতভাবে মাসিক অনুদান প্রদান করবেন তিনি এ দুর্ঘটনা সহায়তা তহবিল থেকে সুবিধা প্রাপ্ত হবেন।

প্রাপ্যতার পরিসীমা :

- এ তহবিলে অনুদান প্রদানকারী কোন ষ্টাফ কর্মরত অবস্থায় কোন দুর্ঘটনায় আক্রান্ত হয়ে দেশের অভ্যন্তরে (হাসপাতাল/ক্লিনিক/ব্যক্তিগত চিকিৎসক) চিকিৎসা গ্রহণ করলে সেক্ষেত্রে তাকে ব্যয়িত চিকিৎসার প্রকৃত খরচ সংস্থা থেকে প্রদান করা হবে। বিদেশে চিকিৎসা সেবা গ্রহণের ক্ষেত্রে কোন প্রকার সহায়তা প্রদেয় হবে না।
- এ তহবিলে অনুদান প্রদানকারী কোন ষ্টাফ কর্মরত অবস্থায় দুর্ঘটনা কবলিত হয়ে কোন প্রকার অঙ্গহানি হলে যেমন- ১. এক হাত অথবা এক পা ২. উভয় পা বা হাত ৩. শরীরের একটি অংশ বা উভয় অংশ প্যারালাইজড হলে এ তহবিল থেকে সর্বোচ্চ ১০০,০০০ (এক লক্ষ) টাকা সুবিধা প্রাপ্য হবে।
- কর্মরত অবস্থায় কোন ষ্টাফ স্বাভাবিক বা দুর্ঘটনা কবলিত হয়ে মৃত্যুবরণ করলে এ তহবিল হতে সর্বোচ্চ ২০০,০০০ (দুই লক্ষ) টাকা প্রাপ্য হবে।


হিসাব রক্ষণ পদ্ধতি :

- দুর্ঘটনা সহায়তা তহবিল (ASF) পরিচালনার জন্য যে কোন বাণিজ্যিক ব্যাংকে “এনডিপি দুর্ঘটনা সহায়তা তহবিল” শিরোনামে একটি পৃথক ব্যাংক হিসাব খুলতে হবে।
- এ হিসাব সংস্থার সভাপতি, পরিচালক ও হিসাব বিভাগের প্রধান তিন জনের মধ্যে পরিচালকসহ যে কোন দুই জনের সৌখ স্বাক্ষরে পরিচালিত হবে।

দুর্ঘটনা সহায়তা তহবিল (ASF) নীতিমালা



পরিচালক
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম


চেয়ারম্যান
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম

- (গ) ষ্টাফদের নিকট থেকে জমাকৃত ও সংস্থা প্রদেয় অনুদান ব্যাংক হিসাবে জমা করতে হবে এবং উক্ত হিসাব থেকে প্রাপ্য সুবিধা বা জমাকৃত অর্থ প্রদান করা হবে।
- (ঘ) উক্ত তহবিলে কর্মীর জমাকৃত অর্থ বা প্রদানকৃত সুবিধা আবেদনের সর্বোচ্চ এক মাসের মধ্যে নিষ্পত্তি করতে হবে।
- (ঙ) কর্মীর জমাকৃত অর্থ বা প্রদানকৃত সুবিধা ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা পর্যন্ত নগদে এবং ৫০০০.০০ টাকার উপরে হলে চেকের মাধ্যমে প্রদান করতে হবে।
- (চ) কোন অবস্থায় এ তহবিলের অর্থ অন্য খাতে স্থানান্তর করা যাবে না।
- (ছ) কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী এ তহবিলের অর্থ সঞ্চয় পত্র বা এফডিআর করা যাবে এবং সঞ্চয় পত্র বা এফডিআর এর প্রাপ্য মুনাফা এ হিসাবের আয় হিসেবে গণ্য হবে।
- (জ) এ হিসাবের জন্য ডেবিট, ক্রেডিট ভাউচার (প্রয়োজনীয় সাপোর্টিংসহ); মাসিক আর্থিক প্রতিবেদনসহ হিসাব সংক্রান্ত প্রয়োজনীয় ডকুমেন্টেশন সংরক্ষণ করতে হবে।
- (ঝ) এ তহবিল থেকে সুবিধা প্রদানের ক্ষেত্রে একটি পৃথক রেজিস্টার সংরক্ষণ করতে হবে। উক্ত রেজিস্টারে কর্মীর নাম ভিত্তিক তথ্য সংরক্ষণ করতে হবে।
- (ঞ) প্রতি অর্থ বছর শেষে উক্ত তহবিলে কর্মীদের জমাকৃত অর্থের বাৎসরিক প্রতিবেদন হিসাব বিভাগ কর্তৃক সরবরাহ করতে হবে।

অন্যান্য শর্তাবলীঃ

- (ক) এ তহবিল থেকে সুবিধা পাবার জন্য আবেদন সংস্থার ডায়েরির মতামতসহ বিশেষজ্ঞ চিকিৎসকের প্রেসক্রিপশন/ সুপারিশ ও ব্যয়-ভাউচারসহ উপস্থাপিত হতে হবে।
- (খ) দুর্ঘটনার এক মাসের মধ্যে কর্তৃপক্ষের বরাবরে আবেদন করতে হবে।
- (গ) সংস্থায় চাকুরীতে যোগদানের প্রথম মাস থেকে এ তহবিলে চাঁদা প্রদান করতে হবে।
- (ঘ) কোন কর্মী চাকুরী থেকে অব্যাহতি নিলে এ তহবিলে জমাকৃত অর্থ (প্রকৃত) ফেরত নিতে পারবেন। তার বিরুদ্ধে সংস্থা কর্তৃক কোন প্রকার আর্থিক অনিয়ম প্রমাণিত হলে তার জমাকৃত অর্থ থেকে তা' সমন্বয় করা যাবে, তবে কোন প্রকার সুবিধা পাবেন না।

পরিচালনা কমিটি সংগঠন :

উক্ত তহবিল পরিচালনার জন্য পাঁচ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা কমিটি থাকবে। কমিটি সদস্য পদাধিকার বলে নিম্নোক্ত কমিটি নির্বাচিত হবে।

১	পরিচালক	সভাপতি
২	কর্মসূচি সমন্বয়কারী	সদস্য
৩	প্রোগ্রাম ম্যানেজার (এম.এফ)	সদস্য
৪	ম্যানেজার (হিসাব ও অর্থ)	সদস্য সচিব
৫	সংস্থার চিকিৎসক	সদস্য

উল্লিখিত কমিটির মেয়াদকাল হবে তিন বছর। মেয়াদকাল শেষে সংস্থার নির্বাহী কমিটি নতুন কমিটি গঠন করতে পারবে। কমিটির বছরে কম পক্ষে দুইটি সভা করতে হবে।

এই নীতিমালার কোন ক্ষেত্রে অস্পষ্টতা দেখা দিলে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। প্রয়োজনে দুর্ঘটনা সহায়তা তহবিল পরিচালনা কমিটি এ নীতিমালার পরিবর্তন/পরিবর্ধন করতে পারবেন তবে তা নির্বাহী পরিষদের কমিটিতে অনুমোদিত হতে হবে।